

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বরিশাল বিভাগ


আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের নৈতিকতা কমিটির ২০২২-২৩ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	মো: জাহাঙ্গীর আলম আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
সভার তারিখ	২০/০৯/২০২২ খ্রি.
সভার সময়	বেলা ১১-০০ ঘটিকা
স্থান	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের সভাকক্ষ
উপস্থিতি	হাজিরা বিবরণী সংযুক্ত

সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যগণকে সভাপতি স্বাগত জানান। অতঃপর সকলের সাথে কুশল বিনিময় শেষে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নে উপস্থাপন করা হলো :

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ বাস্তবায়নের অগ্রগতি, অন্তরায় ও প্রতিকার	সভার শুরুতেই আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর ১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, ১ম কোয়ার্টারে কার্যক্রম ১.১ (নৈতিকতা কমিটি সভা আয়োজন), ১.২ (নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন), ১.৩ (সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা), ১.৪ (শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন), ২.১ (২০২২-২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ), ৩.১ (সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতাদের মতামত সংরক্ষণ) ৩.২ (দুর্নীতি প্রতিরোধ বিষয়ে কর্মকর্তা-কর্মচারীগণকে নিয়ে সচেতনতামূলক সভা আয়োজন) এবং ৩.৩ (কর্মকর্তা-কর্মচারীগণ কর্মবন্টন আদেশ অনুযায়ী স্ব-স্ব দায়িত্ব যথাযথভাবে পালন করেন কিনা তা ত্রৈমাসিকভিত্তিতে যাচাইকরণ) বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। সে আলোকে ১.৩, ১.৪, ২.১, ৩.১, ৩.২, ৩.৩ নং কার্যক্রম ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। অদ্যকার সভা অনুষ্ঠানের ফলে কার্যক্রম ১.১ও বাস্তবায়িত হয়েছে। লক্ষ্যমাত্রার প্রায় সকল কার্যক্রম ইতোমধ্যে বাস্তবায়ন করায় সভাপতি সন্তোষ প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশলের মূল লক্ষ্য হলো শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। তাই শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার পরবর্তী কোয়ার্টারের কার্যক্রমসমূহও যথাসময়ে বাস্তবায়নে সকলকে সচেতন থাকতে হবে। সভাপতি কার্যক্রম ১.২ যথাযথভাবে বাস্তবায়নে সচেতন থাকাসহ ১ম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত ছক মোতাবেক প্রস্তুত করে প্রমাণকসহ ১০/১০/২০২০ খ্রি. তারিখের মধ্যে খাদ্য অধিদপ্তরে প্রেরণ পূর্বক প্রেরিত প্রতিবেদন আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের ওয়েব পোর্টালে আপলোড নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করেন। অত্র দপ্তরের আওতাধীন জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়সমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়ন বিষয়ে জেলা খাদ্য নিয়ন্ত্রকগণের বরাবরে একটি তাগিদপত্র প্রেরণের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর ১ম কোয়ার্টারে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাযথ প্রমাণকসহ ১০/১০/২০২২ খ্রি. তারিখের মধ্যে খাদ্য অধিদপ্তরে প্রেরণ করতে হবে। ২। খাদ্য অধিদপ্তরে প্রেরিত অগ্রগতি প্রতিবেদনের কপি সাথে সাথেই আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। ৩। বরিশাল বিভাগের জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা বাস্তবায়নপূর্বক যথাযথ প্রমাণকসহ প্রতিবেদন ১০/১০/২০২২ খ্রি. তারিখের মধ্যে অত্র কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য আগামী ০৩ দিনের মধ্যে জেলা খাদ্য নিয়ন্ত্রকগণের অনুকূলে পত্র প্রেরণ করতে হবে।	প্রশাসন/কম্পিউটার শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: জাহাঙ্গীর আলম
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক


স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.৩২.১৬৬.১৭.২৫১৯

তারিখ: ৫ আশ্বিন ১৪২৯

২০ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পটুয়াখালী/বরগুনা/ঝালকাঠি/বরিশাল/ভোলা/পিরোজপুর
- ৩) উপ-বিভাগীয় প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৪) সহকারী রসায়নবিদ, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৫) জনাব মৌসুমী আক্তার, খাদ্য পরিদর্শক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৬) জনাব মোঃ মিজানুর রহমান, প্রধান সহকারী, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৭) জনাব মোঃ লোকমান, উচ্চমান সহকারী, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৮) শাখা প্রধান, মজুদ/হিসাব/নেজারত/অডিট/মাননিয়ন্ত্রণ, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল



মো: জাহাঙ্গীর আলম
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক